## বিষক্রিয়া

মিড-ডে মিলের পোলাও এবং মিষ্টি খেয়ে মহারাষ্ট্রে অসুস্থ ১০৯ জন পড়ুয়া। কেউ বমি করে আবার কেউ জ্ঞান হারায়। স্থানীয়রা তড়িঘড়ি তাদের হাসপাতালে নিয়ে যায়। শোরগোল শিক্ষা দফতরেও





# সান্ধ্য জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

e-paper : www.epaper.jagobangla.in /DigitalJagoBangla /jagobangladigital /jago_bangla www.jagobangla.in


**নিজাম প্যালেসে রহস্যমৃত্যু শৌচাগার থেকে উদ্ধার দেহ**



**কাঁথি পুরসভার নয়া চেয়ারম্যান নির্বাচিত হলেন সুপ্রকাশ গিরি**




বর্ষ - ১, সংখ্যা ২৫০ • ১ ফেব্রুয়ারি, ২০২৪ • ১৭ মাঘ ১৪৩০ • বৃহস্পতিবার • ৩ পাতা • Vol. 1, Issue - 250 • JAGO BANGLA • THURSDAY • 1 FEBRUARY, 2024 • 3 Pages


## বিজেপিকে মদত দিতে জোট করছে কংগ্রেস-সিপিএম

# বাংলার বুকে তৃণমূলনেত্রীর চূড়ান্ত বার্তা ঘোষিত

# ‘একলা চলো রে’



কৃষ্ণনগরের ভাত জংলায় পদযাত্রার মাঝে শিশুকে আদর করছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবার।

**প্রতিবেদন :** বাংলায় তৃণমূল কংগ্রেস একাই চলবে। ফের বললেন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর কথায়, আমরা কংগ্রেসের সঙ্গে জোট চেয়েছিলাম। ওরা চায়নি। ওরা সিপিএমের সঙ্গে বাংলায় জোট করেছে। যে সিপিএম এত বছর ধরে খুন, জখম, অত্যাচার করেছে তাদের বিরুদ্ধে আমি লড়াই করেছি। আমি তাদের সঙ্গে ঘর করতে পারব না। সাফ কথা নেত্রীর। বৃহস্পতিবার শান্তিপুরের সভা থেকে বাম-কংগ্রেসকে তুলোধোনা করেন মমতা বন্দ্যোপাধ্যায়।

নেত্রী বলেন, বাংলার বুকে তলে তলে বিজেপির সঙ্গে বাম-কংগ্রেসের বোঝাপড়া আছে, সেটা গত বিধানসভা ভোটের সময় প্রমাণ হয়ে গিয়েছে। তৃণমূলকে বিপাকে ফেলতে এবং বিজেপিকে সুবিধা পাইয়ে দিতে লোকসভার আগেও এ-রাজ্যের কংগ্রেস ও সিপিএম নেতারা ফন্দি করেছে। তাই তাদের মুখে কেন্দ্রের বঞ্চনা নিয়ে টুঁ শব্দ নেই, বিজেপিকে মদত দিতে বিজেপির সুরেই কথা বলছেন বাম-কংগ্রেস নেতারা। মুখোশের আড়ালে তারা আসলে বিজেপির দালাল। ফলে বাংলায় একাই লড়বে তৃণমূল। সিপিএমের জন্যই যে কংগ্রেসের হাত ছেড়েছে তৃণমূল, সেটাও এদিন স্পষ্ট করে দেন তৃণমূল সভানেত্রী।

এদিন মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, আমরা দিল্লি জয় করব। আমরা জোট চেয়েছিলাম কিন্তু কংগ্রেস জোট করতে চায় সিপিএমের সঙ্গে। আমি সিপিএম করি না। আমি বিজেপি করি না। আমি মা-মাটি-মানুষ করি। তাই আমাদের সরকারও চলবে, আপনাদের সব সংস্কার হবে। বাংলা জিতেই দিল্লি জয় করবে তৃণমূল। বিজেপি-বিরোধী আঞ্চলিক দলগুলি জিতে একত্রিত হয়ে দিল্লি দখল করবে।

- কাল ধরনা
- পরশু সমাবেশ
- ৬-এ দিল্লি

আগামিকাল শুক্রবার বাংলার বকেয়া আদায়ে কলকাতায় আম্বেদকরের মূর্তির সামনে ধরনায় বসছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পরদিন ৩ ফেব্রুয়ারি গোটা বাংলা থেকে বঞ্চিতরা আসছেন ধরনাস্থলে। নেত্রী তাঁদের নিয়ে ওইদিন প্রতিবাদ-সমাবেশ করবেন। (এরপর ২ পাতায়)

## মেডিক্যালে কবীর সুমনকে দেখতে গেলেন মুখ্যমন্ত্রী

**প্রতিবেদন :** অসুস্থ কবীর সুমনকে দেখতে কলকাতা মেডিক্যাল কলেজে গেলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। টানা জেলা সফর সেরে কৃষ্ণনগর হয়ে এদিন বিকেলে কলকাতা ফিরেছেন মুখ্যমন্ত্রী। ফিরেই সোজা হাসপাতালে পৌঁছে যান। কয়েকদিন হল অসুস্থ হয়ে ভর্তি রয়েছেন এই প্রবীণ সঙ্গীত শিল্পী। মেডিক্যাল বোর্ড গড়ে তাঁর চিকিৎসা চলছে। পরিস্থিতি আগের থেকে এখন একটু ভাল। কবীরকে দেখে মুখ্যমন্ত্রী বলেন, তিনি অসুস্থ। আমি দেখে গেলাম। তবে আগের থেকে অনেকটা ভাল আছেন। সামান্য কথা হয়েছে। তিনি আমাকে দেখে বললেন, জয় বাংলা। আমিও বললাম জয় বাংলা। ঈশ্বরের কাছে প্রার্থনা করি, তিনি দ্রুত সুস্থ হয়ে উঠুন।



কবীর সুমনের সঙ্গে হাসপাতালে মুখ্যমন্ত্রী।

## লোকসভা ভোটের আগে দিল্লির ভাঁওতা

**প্রতিবেদন :** লোকসভা ভোটের আগে আবার সুপরিকল্পিত এবং বড়মাপের ভাঁওতা মোদি সরকারের। বাড়ল না আয়কর ছাড়ের ঊর্ধ্বসীমা, হতাশ চাকুরিজীবী, মধ্যবিত্তরা। রাজ্যের অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বৃহস্পতিবার কেন্দ্রীয় বাজেটের তীব্র সমালোচনা করে মন্তব্য করেছেন, সম্পূর্ণ অন্তঃসারশূন্য বাজেট। সমস্ত দিক দিয়ে নিজেদের অক্ষমতাই স্পষ্ট করে দিয়েছে কেন্দ্র। দেশের সাধারণ মানুষের, দরিদ্র জনসাধারণের কোনও উপকার হবে না এই বাজেটে। ছাত্র-যুব-মহিলা-শ্রমিক-কৃষক সমাজকে কোনও দিশা দেখাতে পারেনি কেন্দ্র। এবারের কেন্দ্রীয় বাজেট যে আসলে একটা ভাঁওতাবাজি ছাড়া আর কিছুই নয় তা স্পষ্ট করে দিয়ে ট্যুইট করেছেন তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক মুখপাত্র কুণাল ঘোষ। তাঁর প্রতিক্রিয়া, অন্তঃসারশূন্য বাজেট। কথার জাগলারি, ভাষার সস্তা চটক। সাধারণ মানুষের স্বস্তি নেই, প্রাপ্তিও নেই। বাংলার প্রতি বঞ্চনা অব্যাহত। কথা না রাখা ভাঁওতাবাজির বাজেট।

### আয়করে স্বস্তি নেই



সাংবাদিক বৈঠকে মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য।

শুধু তিন মাসের ব্যয়বরাদ্দ অনুমোদনের কাজ করতে গিয়ে তার বাইরের অবাস্তব নাটকের চিত্রনাট্য অর্থমন্ত্রীর।

সাধারণ মানুষকে যেটা সবচেয়ে বেশি হতাশ করেছে, দ্বিতীয় মোদি সরকারের শেষ অন্তর্বর্তী বাজেটে বাড়ল না আয়কর ছাড়ের ঊর্ধ্বসীমা। ২০২৩-’২৪ অর্থবর্ষে আয়কর ছাড়ের ৭ লক্ষ টাকার যে ঊর্ধ্বসীমা ছিল, তা-ই অপরিবর্তিত থাকল ২০২৪-’২৫ অর্থবর্ষেও। লোকসভা ভোটের আগে কেন্দ্র সরকারের থেকে যে প্রত্যাশা সাধারণ মানুষ করেছিল, কার্যত তা পূরণ করতেও ব্যর্থ অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ। কার্যত এই বাজেট কেন্দ্রের গেরুয়া সরকারের দেউলিয়া অবস্থাকেই প্রতিফলিত করছে। লক্ষণীয়, আয়কর ছাড়ের ঊর্ধ্বসীমা না বাড়ালে সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা ও সঞ্চয় কোনওটিই বাড়বে না।

সান্ধ্য জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল
২
১ ফেব্রুয়ারি ২০২৪
বৃহস্পতিবার

## বিকেলের TOP 10

### রাজ্য

- সকাল থেকে মেঘলা আকাশ কলকাতায়, জেলায় জারি মাঝারি বৃষ্টি।
- ৪৫ দিন বন্ধ রেখে সোদপুর উড়ালপুল সংস্কারের নির্দেশ পূর্ত দফতরের।
- চম্পাহাটিতে গভীর রাতে বাজি কারখানায় আগুন, ১টি ইঞ্জিন ঘটনাস্থলে।
- সাতসকালে বাঁকুড়ার কুচকুচিয়া এলাকার নর্দমা থেকে উদ্ধার মৃত ভ্রূণ।
- বীরভূমে বিয়েবাড়িতে কফি মেশিনে বিস্ফোরণ, আহত একাধিক।
- নাবালিকাকে শারীরিক নির্যাতন করে খুন, ইংরেজবাজারে মিলল মুণ্ডহীন দেহ।
- প্রেমিকাকে দেওয়ার জন্য মোবাইল চুরি, হুগলিতে গ্রেফতার যুবক।
- কোচবিহারের কোতয়ালি সংলগ্ন ব্যাঙ্কে চলল গুলি, ছড়াল চাঞ্চল্য।
- নেশার প্রতিবাদ করায় শিলিগুড়িতে তৃণমূল নেতার স্ত্রীকে মারধর দুষ্কৃতীদের।
- গভীর রাতে গাড়ির ধাক্কায় ফাঁসিদেওয়া এলাকায় মৃত বাইক আরোহী।

### দেশ

- ইডি-র হাতে গ্রেফতার হওয়ার পরই সুপ্রিম কোর্টের দ্বারস্থ হেমন্ত সোরেন।
- বাড়ল না আয়কর ছাড়ের উর্ধ্বসীমা, মোদি সরকারের বাজেটে হতাশ চাকুরিজীবী, মধ্যবিত্তরা।
- নতুন কোনও দিশা নেই! বাজেট নিয়ে মোদি সরকারকে তোপ তৃণমূলের।
- বাজেট পেশের আগেই ফের বাণিজ্যিক গ্যাস সিলিন্ডারের দাম বাড়াল মোদি সরকার, মাথায় হাত ব্যবসায়ীদের।
- বাজেট নিয়ে আত্মসমীক্ষার পরামর্শ মোদির, পাল্টা কটাক্ষ বিরোধীদের।
- 'বিজেপির বিরোধী নির্মূল সেল', হেমন্তের গ্রেফতারিতে এজেন্সিকে নিশানা রাহুলের।
- সব ঠিক থাকলে ঝাড়খণ্ডের পরবর্তী মুখ্যমন্ত্রী হতে চলেছেন চম্পাই সোরেন।
- মধ্যরাতে জ্ঞানবাপী মসজিদের তালা খুলে বেসমেন্টে পুজো হিন্দুদের।
- চাকরির পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস রুখতে কঠোর শাস্তি কেন্দ্রের।
- বরফে ঢাকল বৈষ্ণোদেবী-কেদারনাথ! সোশ্যাল মিডিয়ায় ভাইরাল ছবি।

### বিদেশ

- ৩ সেনার মৃত্যুর বদলা? ইয়েমেনের ঘাঁটিতে হামলা আমেরিকার, ধ্বংস ইরানের ড্রোনও।
- পাকিস্তানে নির্বাচনী প্রচারে প্রকাশ্যে গুলি, ঝাঁজরা ইমরানের দলের নেতা!
- প্রতি সপ্তাহে ৩৬ ঘণ্টা উপবাস! কেন এমন কঠোর সংযম ঋষি সুনাকের?
- পান্নুন কাঁটায় আটকে ড্রোন চুক্তি! ভারতকে অত্যাধুনিক সমরাস্ত্র দিতে শর্ত চাপাল আমেরিকা
- আমেরিকার নির্বাচনে কলকাঠি নাড়ছে চিন! বাইডেনকে কী প্রতিশ্রুতি জিনপিংয়ের?
- খুন, মাদক পাচার! ভারতীয় বংশোদ্ভূত দম্পতিকে ৩৩ বছরের জেল ব্রিটেনে।
- ব্রাজিলে ছোট আকারের বিমান ভেঙে নিহত ৭।
- ভেনেজুয়েলায় বিরোধী প্রেসিডেন্ট পদপ্রার্থীকে অযোগ্য ঘোষণা।
- ট্রাম্পকে নোবেল দিতে নাম প্রস্তাব।
- যুক্তরাষ্ট্রের নিরাপত্তা উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করবেন চিনের শীর্ষ কূটনীতিক।

### খেলা

- জ্যাক লিচ ও মার্ক উডের বদলে দ্বিতীয় টেস্টের দলে শোয়েব বসির ও জিমি অ্যান্ডারসন।
- চেলসিকে ৪-১ গোলে হারিয়ে প্রিমিয়ার লিগের শীর্ষেই লিভারপুল।
- ম্যাঞ্চেস্টার সিটি ৩-১ গোলে হারাল বার্নলেকে। জিতেছে টটেনহ্যামও।
- এফএইএইচ হকি বিশ্বকাপে ইজিপ্টকে ৬-৪ গোলে হারিয়ে ভারত পঞ্চম।
- পুরো ফিট নন, মেসির বিরুদ্ধে মাঠে নামছেন না রোনাল্ডো।
- নিলামে উঠছে মেসি-বার্সেলোনা চুক্তির সেই ঐতিহাসিক ন্যাপকিন পেপার।
- বাংলার বিরুদ্ধে রঞ্জি ম্যাচের আগে মুম্বই দলে যোগ দিলেন পৃথ্বী শ।
- সময়ে এসে না পৌঁছনোয়, এশিয়ান কাপে জিপিএস ভেস্ট ছাড়াই খেলতে হয়েছে সুনীল ছেত্রীদের।
- ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের কোচ হতে আগ্রহী হোসে মোরিনহো।
- ওসাসুনাকে হারিয়ে লা লিগায় জয়ে ফিরল বার্সেলোনা।

■ অনিবার্য কারণবশত অসীম মণ্ডলের কলম প্রকাশ করা গেল না। যথারীতি আগামীকাল প্রকাশিত হবে।

# কংগ্রেসের দালালি করে গণশক্তি-র অসভ্যতা

**প্রতিবেদন :** ভাঁওতাবাজি আর মিথ্যাচারের রাজনীতি করে দীর্ঘ ৩৪ বছর বাংলার বুকে ক্ষমতায় ছিল সিপিএম। বছরের পর বছর মানুষকে বোকা বানিয়ে চলা সিপিএমকে ২০১১ সালে বোকা বানিয়ে দিয়েছে মানুষ। এ-রাজ্যে সিপিএম এখন শূন্য। তবে ক্ষমতা থেকে চলে গিয়েও স্বভাব যায়নি কমরেডদের। মিথ্যাচার, ভাঁওতাবাজি থেকে সরে আসতে পারেনি সিপিএম।এবার রাহুল গান্ধীর গাড়ির কাচভাঙা নিয়ে নোংরা রাজনীতি শুরু করেছে সিপিএম। এ যেন 'মায়ের চেয়ে মাসির দরদ বেশি'। কংগ্রেসের মুখপাত্র দিল্লিতে বসে সাংবাদিক সম্মেলন করে বলছেন, রাহুল গান্ধীর গাড়ির কাচ ভেঙেছে বিহারের কাটিহারে। একজন মহিলা রাহুলের সঙ্গে দেখা করার সময়েই ঘটনাটি ঘটে। ভিড়ের চাপে কাচ ভেঙে যায়। কিন্তু বিজেপির দালাল কংগ্রেসের প্রদেশ সভাপতি, দিনভর সিপিএমের দোসর সেজে মিথ্যাচার চালিয়ে গেলেন। বাংলার সরকারের ঘাড়ে দোষ চাপালেন। অথচ ঘটনাটাই বাংলায় নয়, বিহারের কাটিহারে। এখানেই শেষ নয়। সিপিএমের মুখপত্র গণশক্তি বৃহস্পতিবার প্রভাতী দৈনিকে লিখেছে, 'মালদহে ভাঙা হল রাহুলের গাড়ির কাচ!' শূন্যে নেমে আসা দুই দলের এখন মাখো-মাখো প্রেম। কিন্তু প্রেম প্রতিষ্ঠা করতে গিয়ে মিথ্যাচারের আশ্রয় নিতে হবে! লজ্জা নামের শব্দটা কি সিপিএমের অভিধান থেকে 'ডিলিট' হয়ে গিয়েছে? উঠছে প্রশ্ন।

# কাল থেকে মাধ্যমিক শুভেচ্ছা ব্রাত্য বসুর

**প্রতিবেদন :** রাত পোহালেই মাধ্যমিক পরীক্ষা। তার আগে পরীক্ষার্থীদের শুভেচ্ছা জানালেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। বৃহস্পতিবার এক্স হ্যান্ডেলে শুভেচ্ছা বার্তা জানিয়ে মন্ত্রী লেখেন, আগামিকাল থেকে শুরু হতে চলেছে ২০২৪ মাধ্যমিক পরীক্ষা। ৯ লাখ ২০ হাজারের বেশি ছাত্রছাত্রী এবার পরীক্ষায় বসতে চলেছে বাংলা জুড়ে ছড়িয়ে থাকা ২৬৭৫টি পরীক্ষা কেন্দ্রে। জীবনের প্রথম বড় পরীক্ষায় বসতে চলা ছাত্র-ছাত্রীদের শুভকামনা জানাই। মাথা ঠান্ডা রেখে, শান্ত মনে নিজের সাধ্য অনুযায়ী পরীক্ষা দিন। পরীক্ষা খুব ভাল হোক সকলের। শুক্রবার থেকে শুরু হওয়া মাধ্যমিক পরীক্ষা চলবে ১২ ফেব্রুয়ারি পর্যন্ত। সকাল ৯.৪৫ থেকে বেলা ১টা পর্যন্ত। ৯.৫৫ মিনিটে দেওয়া হবে খাতা। ১০টা থেকে লেখা শুরু করতে পারবে পরীক্ষার্থীরা।






■ পশ্চিমবঙ্গ নাট্য অ্যাকাডেমির বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু, সেচমন্ত্রী পার্থ ভৌমিক, বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব অর্পিতা ঘোষ, দেবশঙ্কর হালদার প্রমুখ। বৃহস্পতিবার শিশির মঞ্চে।



■ বিধাননগর পুরসভার চেয়ারম্যান সব্যসাচী দত্তর উদ্যোগে আসন্ন মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য বিনামূল্যে পরিষেবা প্রদান ও উপহার। বৃহস্পতিবার বালিগড়ী দানোপাড়ায় তাদের হাতে উপহার তুলে দিলেন ফিরদুস আলি মোল্লা।

# অপসারিত সুবল, কাঁথি পুরসভার নতুন চেয়ারম্যান সুপ্রকাশ গিরি



■ কাঁথি পুরসভার চেয়ারম্যান পদে শপথ সুপ্রকাশ গিরির।

**প্রতিবেদন :** দল বিরোধী কাজের জেরে আগেই বিপাকে পড়েছিলেন সুবল মান্না। এরপর অমান্য করেছিলেন দলের নির্দেশ। অবশেষে নিজের পদ খোয়ালেন সুবল। অনাস্থা প্রস্তাব এনে তৃণমূল পরিচালিত কাঁথি পুরসভার চেয়ারম্যান পদ থেকে অপসারিত করা হল তাঁকে। ১৬ কাউন্সিলরের সম্মতিক্রমে সুবলের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব পাশ হয়ে যায়। সেই জায়গায় স্থায়ী দায়িত্ব পেলেন কাঁথি সাংগঠনিক জেলা যুব সভাপতি সুপ্রকাশ গিরি। পুর নির্বাচনের ২১টি আসনের মধ্যে তৃণমূলের দখলে ছিল ১৭টি আসন, বিজেপির ঝুলিতে ছিল ৩টি আসন, আর নির্দল প্রার্থী পান ১টি আসন। তখন সুবল মান্নাকে চেয়ারম্যানের আসনে বসায় রাজ্য নেতৃত্ব। কিন্তু সম্প্রতি তিনি চরম দল বিরোধী কাজ করে বসেন। একটি অনুষ্ঠানে যোগ দিয়ে সাংসদ শিশির অধিকারীর স্তুতি ও তাঁকে 'গুরুদেব' বলে সম্বোধন করেন। সেই ভিডিও ভাইরাল হয় সোশ্যাল মিডিয়ায়। অবশেষে সুবলের বিরুদ্ধে পদক্ষেপ করার সিদ্ধান্ত নেয় রাজ্য নেতৃত্ব। তাঁর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনা হয়।

চেয়ারম্যান পদ থেকে সুবল মান্না অপসারিত হওয়ার পর উপপৌরপ্রধান সুপ্রকাশ গিরি অস্থায়ী পৌরপ্রধানের দায়িত্ব সামলাচ্ছিলেন। কিন্তু স্থায়ী পুরপ্রধান না থাকায় যাবতীয় কাজে সমস্যা তৈরি হচ্ছিল। ব্যাহত হচ্ছিল পৌরপরিষেবা প্রদানও। এবার তাই রাজ্য নেতৃত্বের নির্দেশে বিশেষ বৈঠকে দলের হুইপ মতো কাঁথি পৌরসভার নতুন চেয়ারম্যান হিসেবে ঘোষণা করা হল সুপ্রকাশ গিরির নাম। আর ভাইস চেয়ারম্যান হলেন নিরঞ্জন মান্না।

# কাল ধরনা

(প্রথম পাতার পর)

এদিন শান্তিপুরের সভা থেকে মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়ে দেন, কাল থেকে ৪৮ ঘণ্টা ধরনায় বসবেন তিনি। এরপর ছাত্র-যুবরা তা চালাবে। তাঁর নির্দেশ, গোটা বাংলা জুড়ে জেলায়, ব্লকে এই কর্মসূচি করবে দল। আগামী ৬ ফেব্রুয়ারি দিল্লি যাচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ৭-এ বৈঠক। যে আবহে মুখ্যমন্ত্রী দিল্লি সফর করছেন তা রাজনৈতিক প্রেক্ষাপট থেকে খুবই গুরুত্বপূর্ণ। একদিকে যেমন সংসদে বাজেট অধিবেশন চলছে, পেশ করা হয়েছে অন্তর্বর্তী বাজেট তেমনই অন্যদিকে বাজেটে বাংলাকে বঞ্চনা নিয়ে সরব হয়েছে তৃণমূল নেতৃত্ব।

# শীত বিদায়ের বার্তা নিয়ে নামল অকালবৃষ্টি

**প্রতিবেদন :** পূর্বাভাস মিলিয়ে বৃহস্পতিবার নামল বৃষ্টি। যার জেরে ফেব্রুয়ারির শুরুতেই কলকাতা থেকে উধাও শীত। হাওয়া অফিস জানিয়েছে, শুক্রবারও চলবে বৃষ্টি। বুধবার বিকেল থেকেই ছিল মেঘলা আকাশ। বৃহস্পতিবার ভোরে শুরু হয় ঝিরঝিরে বৃষ্টি। সারাদিন দেখা মেলেনি সূর্যের। কলকাতা-সহ রাজ্যের জেলাগুলিতেও একই আবহাওয়া। হাওয়া অফিস জানিয়েছে, এদিন কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ২১.৩ ডিগ্রি সেলিসিয়াস। যা স্বাভাবিকের থেকে ৬ ডিগ্রি বেশি। পাশাপাশি গত দুদিন ধরে সিকিমের পাশাপাশি বৃষ্টিতে ভিজছে দার্জিলিং পাহাড়ও। সান্দাকফু, টাইগার হিল তো বটেই ভোররাতে তুষারপাতের সাক্ষী থেকেছে ধোতরে, ফালুটের মতো বেশ কয়েকটি এলাকা। আবহাওয়াবিদদের বক্তব্য, পশ্চিমি ঝঞ্জার জন্য পাহাড়ে বৃষ্টি এবং তুষারপাত হচ্ছে। যেহেতু মেঘের উচ্চতা যথেষ্ট রয়েছে, ফলে তা পাহাড়ের কাছাকাছি অবস্থান করছে এবং সেখানেই বৃষ্টিপাত ঘটাচ্ছে।

# শিক্ষায় বাড়েনি বরাদ্দ কেন্দ্রকে নিশানা ব্রাত্যর

**প্রতিবেদন :** সামগ্রিকভাবে শিক্ষায় ব্যয়-বরাদ্দ বাড়েনি। শিক্ষাখাতে বেশ কিছু বছর ধরেই বরাদ্দ কমিয়েছে বিজেপি সরকার। এমনকী বৃহস্পতিবার কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমনের পেশ করা বাজেটেও শিক্ষা নিয়ে কোনও দিশা দেখা যায়নি। এই নিয়েই প্রধানমন্ত্রী-সহ কেন্দ্রকে একহাত নিয়েছেন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। এদিন এক্স হ্যান্ডেলে শিক্ষামন্ত্রী প্রশ্ন তুলে লেখেন, প্রধানমন্ত্রী কি আদৌ দেশের শিক্ষা ব্যবস্থার সঙ্কট সম্পর্কে অবগত? বিদ্যালয়ে শিক্ষার খাতে চলতি ২০২৩-২৪ অর্থবর্ষে বরাদ্দ কিছুই বাড়ানো হয়নি। অষ্টম শ্রেণির শিক্ষার্থীরা মৌলিক পাঠ্য পড়তে, দ্বিতীয় শ্রেণির পড়ুয়ারা অঙ্ক করার জন্য রীতিমতো সমস্যায় পড়ে। এবং এখনও, আপনার সাহস আছে অন্যদের নিয়ে অনুতাপ করার? লজ্জাজনক।

সম্পাদক : সুখেন্দুশেখর রায়

● সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষে ডেরেক ও'ব্রায়েন কর্তৃক তৃণমূল ভবন, ৩৬জি, তপসিয়া রোড, কলকাতা ৭০০ ১০০ থেকে প্রকাশিত। সিটি অফিস : ২৩৪/৩এ, এজেসি বোস রোড, পঞ্চম তল, কলকাতা ৭০০ ০২০

সান্ধ্য জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

১ ফেব্রুয়ারি
২০২৪
বৃহস্পতিবার



# কৃষ্ণনগর ও শান্তিপুরে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়





















